

সি.এ.সি.
৩৩

তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ নিতে ১১৭ শিক্ষক ভারতে

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশের বিভিন্ন স্কুল ও কলেজ থেকে নির্বাচিত ১১৭ জন শিক্ষক-শিক্ষিকা ভারত সরকারের আর্থিক তহবিলের আওতায় তথ্য প্রযুক্তির ওপর প্রশিক্ষণ নিতে নয়াদিল্লীর উদ্দেশ্যে যাত্রা করেছেন। এর আগেও একই কর্মসূচীর আওতায় বাংলাদেশ সরকার, ব্যবসায়িক চেম্বার এবং বিশ্ববিদ্যালয়সমূহের মোট ১০৫ জন কর্মকর্তাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে ভারত সরকার। কম্পিউটারের মৌলিক বিষয়াদি, অপারেটিং সিস্টেমের প্রধান প্রধান উইন্ডোজ ৯৮, মাইক্রোসফট অফিস ২০০০, নেটওয়ার্কিং ফাভামেন্টালস, ইন্টারনেট ও ইলেকট্রনিক মেইল এবং ই-কমার্স বিষয়ে পরিচিত ইত্যাদি উপাদান 'ট্রেন দি ট্রেনার প্রোগ্রাম ইন ইনফরমেশন টেকনোলজি' কোর্সটির অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের একক চাহিদা পূরণ সাপেক্ষে তাদের বহুমুখী যোগ্যতাকে বিবেচনা করে প্রশিক্ষণ মডিউলটি ডিজাইন করা হয়েছে।